# হরমুজ প্রণালি বন্ধের ঘোষণা ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত জাহাজ চলাচল সাময়িকভাবে স্থগিত রাখার ঘোষণা দিয়েছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) নৌবাহিনী। আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিবেদনে এ তথ্য জানা গেছে।

আইআরজিসির এক বিবৃতিতে বলা হয়, হরমুজ প্রণালিতে বিদেশি সামরিক উপস্থিতি বা অনুমোদনহীন নৌচলাচলের যেকোনো প্রচেষ্টা কঠোরভাবে মোকাবিলা করা হবে। আঞ্চলিক নিরাপত্তা ও সামুদ্রিক স্থিতিশীলতা রক্ষার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও উল্লেখ করা হয়।

বিবৃতিতে আরও জানানো হয়, সম্প্রতি কয়েকটি জাহাজ নির্ধারিত নৌপথ অনুসরণ না করে চলাচলের চেষ্টা করে। এর মধ্যে একটি জাহাজ তার অবস্থান শনাক্তকারী ট্র্যাকিং ব্যবস্থা বন্ধ করে দেয়, যা সামুদ্রিক নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ পরিস্থিতির সৃষ্টি করে। পরে সতর্কবার্তা ও সতর্কতামূলক গুলির মাধ্যমে জাহাজটিকে থামানো হয়।

আইআরজিসি জানিয়েছে, অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক হস্তক্ষেপ বন্ধ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি ব্যবহার করে কোনো জাহাজকে চলাচলের অনুমতি দেওয়া হবে না।

একই সঙ্গে ভবিষ্যতে নতুন কোনো হামলা, উসকানি বা নিয়ম লঙ্ঘনের ঘটনা ঘটলে তার জবাবে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারিও দিয়েছে ইরানের এই সামরিক বাহিনী।

LENS ASIA